দৈনিক বাংলা

তারিখ 29 JUL 1992
পৃষ্ঠা ৬ কলাম ৬

# শিক্ষা বিস্তারে ঐক্যবদ্ধ প্রয়াস চাই ঃ রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস দেশে শিক্ষা বিস্তারে ঐক্যবদ্ধ প্রয়াস চালাতে দলমত নির্বিশেষে সমাজের সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। খবর বাসস'র।

তিনি বরগুনা মহিলা কলেজের শিক্ষিককদের ৯ সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে আলাপ করছিলেন। কলেজের অধ্যক্ষা মিসেস রাজিয়া বেগম প্রতিনিধিদলের নেতৃত্ব করেন। প্রতিনিধিদল মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন।

প্রতিনিধিদলের সদস্যরা কলেজের উন্নতি সাধনে তাঁদের বিভিন্ন উদ্যোগের বিষয় রাষ্ট্রপতিকে অবহিত করেন।

মহিলাদের মধ্যে শিক্ষা বিস্তারে রাষ্ট্রপতি তাঁদের উদ্যোগ প্রচেষ্টার প্রশংসা করেন।

## 'জাগো–নারী' প্রতিনিধিদল

গরীব দুখীদের ভাগ্য উন্নয়নে সমাজের সকলের বিশেষ করে শিক্ষিত সমাজের আন্তরিক প্রচেষ্টা একান্ত প্রয়োজন। রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস বিশেষ গুরুত্ব দিয়ে একথা বলেন।

তিনি বলেন, সরকার সমাজের সকল শ্রেণীর লোকের জীবনযাত্রার মান উন্নয়নে সার্বিক উদ্যোগ গ্রহণ করেছেন।

রাষ্ট্রপতি মহিলা স্বেচ্ছাসেবী সংগঠন 'জাগো নারী'র ১৬ সদস্যার একটি প্রতিনিধিদলের সঙ্গে আলাপকালে একথা বলেন। সংগঠনের সভানেত্রী সুলতানা রিজিয়ার নেতৃত্বে প্রতিনিধিদল মঙ্গলবার বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে।

প্রতিনিধিদলের সদস্যরা তাঁদের বিভিন্ন কাজের মাধ্যমে মহিলা সমাজের অবস্থার উন্নতি বিধানে মহিলাদের বিশেষ শিক্ষাদানের কথা রাষ্ট্রপতিকে অবহিত করেন। 'জাগো নারী' সংগঠন তার রাজশাহী ও চট্টগ্রাম শাখার মাধ্যমে এসব প্রশিক্ষণ দিচ্ছে।

রাষ্ট্রপতি তাঁদের কাজের প্রশংসা করেন এবং সমাজের কল্যাণে তাঁদের কাজ চালিয়ে যেতে বলেন।